

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসার, লালমাই, কুমিল্লা  
ও  
সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরী

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী সকল রাজনৈতিক দলসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ০৭ জানুয়ারি ২০২৩ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোগগ্রহণ উপলক্ষ্যে ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে প্রার্থীগণ নির্বাচন প্রচারণা চালিয়ে যাচ্ছেন। রাজনৈতিক দলসমূহের নির্বাচনী প্রচারণার ক্ষেত্রে জনগণের স্বাভাবিক চলাচল ও আইন-শৃঙ্খলা রক্ষার্থে “সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮” এর বিধি ৬ এর (খ), (গ) অনুযায়ী কোন রাজনৈতিক দল সমাবেশ ও শোভাযাত্রা করার তারিখ, সময় ও স্থান উল্লেখ করে সমাবেশের ২৪ ঘন্টাপূর্বে স্থানীয় প্রশাসনকে লিখিতভাবে জানাতে হবে।

এমতাবস্থায়, “সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮” অনুযায়ী স্থানীয় প্রশাসনের পূর্বনুমোদন গ্রহণ করে নির্বাচনী প্রচারণা, সভা, সমাবেশ করার জন্য সকল রাজনৈতিক দলসমূহকে অনুরোধ করা হলো।

 ২৬/১২/২৬

(মৌমিতা দাশ)  
উপজেলা নির্বাহী অফিসার  
লালমাই, কুমিল্লা  
ও  
সহকারী রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
নির্বাচনি এলাকা-২৫৮, কুমিল্লা-১০

স্মারক নম্বর: ০৫.৪২.১৯৭৩.০০০.৩৯.০০১.২৩-১২৬৮

তারিখ: ১৩ পৌষ ১৪৩০  
২৮ ডিসেম্বর ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


০১। জেলা প্রশাসক, কুমিল্লা ও রিটার্নিং অফিসার, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন;

০২। পুলিশ সুপার, কুমিল্লা;

০৩। জনাব .....রাজনৈতিক দল/সত্ত্ব প্রার্থী/প্রার্থীর এজেন্ট, ২৫৮-কুমিল্লা-১০ নির্বাচনি এলাকা;

০৪। অফিসার ইনচার্জ, লালমাই থানা, লালমাই, কুমিল্লা;

০৫। অফিস কপি।

 ২৬/১২/২৬

উপজেলা নির্বাহী অফিসার  
লালমাই, কুমিল্লা  
ও  
সহকারী রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
নির্বাচনি এলাকা-২৫৮, কুমিল্লা-১০